

# MCBP MIS

## প্রশিক্ষণ নির্দেশিকা

(উপজেলা পর্যায়ে ব্যবহারের জন্য)



মহিলা বিষয়ক অধিদপ্তর  
মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়



# MCBP MIS

## প্রশিক্ষণ নির্দেশিকা

---

অক্টোবর, ২০২০

মহিলা বিষয়ক অধিদপ্তর  
মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়

## সূচিপত্র

## বিষয়বস্তু

ভূমিকা	4
সিস্টেমের কার্য প্রবাহ	5
অধ্যায়-১: MCBP MIS ব্যবহারের প্রাথমিক কার্যাবলী	6
১.১ MCBP MIS ব্যবহার পদ্ধতি	8
১.২ হোম স্ক্রিনের মেনু পরিচিতি	9
১.৩ লগ-ইন প্রক্রিয়া	10
১.৪ পাসওয়ার্ড ভুলে গেলে যা করণীয়	13
১.৫ লগ আউট প্রক্রিয়া	14
১.৬ পাসওয়ার্ড পরিবর্তন প্রক্রিয়া	15
অধ্যায়- ৩: চূড়ান্ত নির্বাচন	18
৩.১ UWAO কর্তৃক অনুমোদন_ইউনিয়ন	21
৩.২ UWAO কর্তৃক অনুমোদন_পৌরসভা	26

## ভূমিকা

বর্তমান MA-LMA প্রোগ্রামের পদ্ধতিগত সমস্যাগুলির সমাধানের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রোগ্রামটির নকশা এবং বাস্তবায়নে উল্লেখযোগ্য পরিবর্তন করার সিদ্ধান্ত নিয়েছে। যে সমস্ত বিষয়াদির জন্য বর্তমান কর্মসূচির কার্যকারিতা ব্যাহত হচ্ছে, MCBP প্রোগ্রামটি সেগুলি সমাধান করবে। উন্নত লক্ষ্যমাত্রা, গর্ভবতী মহিলাদের মাসিক তালিকাভুক্তকরণ, এবং মাসিক ভাতা প্রদান MCBP প্রোগ্রামের মূল বৈশিষ্ট্য। MCBP প্রোগ্রামটি গর্ভাবস্থা থেকে শুরু হবে এবং পরবর্তী তিন বছর পর্যন্ত চলবে এবং তারপর থেকে স্কুলগামী শিশুরা নিরাপত্তা বেঁটনী বা সুরক্ষা স্কিমের আওতাভুক্ত হবে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মহিলা বিষয়ক অধিদপ্তর(ডিডার্লিউএ), অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এবং ইকো-সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও) এর সাথে অংশীদারিত্বে WFP, MCBP প্রোগ্রামটির ডিজিটলাইজেশনের জন্য MA-LMA MIS কে সংস্কার করে MCBP MIS তৈরি করেছে।

এই MIS এর বিভিন্ন কার্যক্রম কিভাবে সম্পাদন করতে হবে তা ধাপে ধাপে এই ইউজার মেনুয়ালে বর্ণনা করা হয়েছে।

## সিস্টেমের কার্য প্রবাহ



চিত্র- ১ সিস্টেমের কার্য প্রবাহ

এই MIS হতে নিম্নলিখিত সুবিধাসমূহ পাওয়া যাবে:

- ন্যূনতম সংখ্যক ভিজিটের মাধ্যমে সুবিধাভোগীর সেবা প্রাপ্তির সুব্যবস্থা।
- আবেদনকারীর পরিচয় অনলাইনের NID এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে যাচাইকরনের সুবিধা।
- **False ও Duplicate** আবেদনকারী সহজেই সনাক্ত করা যাবে।
- বিদ্যমান ম্যানুয়াল পদ্ধতির দীর্ঘসূত্রিতা ও জটিলতা থেকে পরিত্রাণের সুবিধা।
- সামাজিক সুরক্ষা স্কীমগুলি বাস্তবায়নের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা নিশ্চিতকরণ।

## অধ্যায়-১: MCBP MIS ব্যবহারের প্রাথমিক কার্যাবলী

MCBP MIS হল ভাতা ব্যবস্থাপনা ও সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদন করার একটি ওয়েবভিত্তিক অনলাইন সফটওয়্যার। এ অধ্যায়ে সফটওয়্যার এর লগইন/লগ আউট প্রক্রিয়া, পাসওয়ার্ড পরিবর্তন/ভুলে গেলে করণীয় ইত্যাদি প্রাথমিক বিষয়সমূহ বর্ণনা করা হয়েছে। সফটওয়্যারটির নিরাপত্তার অংশ হিসেবে প্রবেশের সময় পাসওয়ার্ড ব্যবহার করতে হয়। পাসওয়ার্ড ভুলে গেলে তা কিভাবে পুনরুদ্ধার করতে হবে অথবা পাসওয়ার্ড পরিবর্তন করতে হলে যে ধাপ গুলি অনুসরণ করতে হবে তা এখানে বিস্তারিত ভাবে বর্ণনা করা হয়েছে।

## ১.১ MCBP MIS ব্যবহার পদ্ধতি

MCBP MIS একটি ওয়েব ভিত্তিক সফটওয়্যার। এই সফটওয়্যারটি যে কোন ইন্টারনেট ব্রাউজার যেমন- Internet Explorer, Google Chrome অথবা Mozilla Firefox এর মাধ্যমে ব্যবহার করা যাবে।

ইন্টারনেট ব্রাউজারের Address বারে ক্লিক করে MCBP MIS সাইট এর ঠিকানা <http://103.48.16.6:8080/MCBP/index> লিখে Enter প্রেস করলেই আপনি নিচের পাতাটি (চিত্র-২) দেখতে পাবেন।

এটি হলো MCBP MIS এর স্বাগতম স্ক্রিন।



চিত্র-২ হোম স্ক্রিন

এই স্ক্রিনে (লগ-ইন, English) লিংক আছে যার বর্ণনা নিচের পাতায় দেয়া হলো -

## ১.২ হোম স্ক্রিনের মেনু পরিচিতি


১. লগ ইন - এ বাটনে ক্লিক করে MCBP MIS সাইট এ প্রবেশ করা যাবে।
২. বাংলা/ English – ভাষা পরিবর্তনের জন্য এ বাটনে ক্লিক করে ইংরেজি থেকে বাংলা এবং বাংলা থেকে ইংরেজি সংস্করণে যাওয়া যাবে।



চিত্র- ৩ হোম স্ক্রিন

## ১.৩ লগ-ইন প্রক্রিয়া

MIS সিস্টেমে লগ-ইন করার জন্য ব্যবহারকারীকে প্রথমে (চিত্র-৩) লগ-ইন বাটনে ক্লিক করতে হবে। তাহলে ব্যবহারকারী নিচের MCBP MIS এর লগ-ইন স্ক্রিনটি (চিত্র-৪) দেখতে পাবেন।



চিত্র-৪ লগ-ইন স্ক্রিন

১. ব্যবহারকারীর আইডি - ব্যবহারকারীকে তার আইডি এই ঘরে পূরণ করতে হবে।
২. পাসওয়ার্ড - ব্যবহারকারীকে তার পাসওয়ার্ড এই ঘরে পূরণ করতে হবে।
৩. ক্যাপচা - ব্যবহারকারীকে ক্যাপচার প্রদর্শিত অক্ষরগুলি (উপরের ক্যাপচাটি টাইপ করতে হবে) এই ঘরে পূরণ করতে হবে।
৪. লগ-ইন - ব্যবহারকারীকে সিস্টেমে প্রবেশ করার জন্য এই বাটনে ক্লিক করতে হবে।
৫. রিফ্রেশ - যদি ব্যবহারকারী ক্যাপচা ইমেজটি ভালোভাবে বুঝতে না পারেন, তাহলে এই বাটন ক্লিক করে প্রয়োজনে ক্যাপচার অক্ষরগুলি পরিবর্তন করতে পারবেন।

নিচের চিত্রে (চিত্র-৫) পূরণকৃত তথ্যের নমুনা দেখানো হয়েছে-

### লগ-ইন

ব্যবহারকারীর আইডি	ব্যবহারকারী আইডি	shahin121	👤
পাসওয়ার্ড	পাসওয়ার্ড	shahin121	🔒

এই তথ্যটি আবশ্যিক।

L p j T 6 k ↻

উপরের ক্যাপচাটি টাইপ করুন	উপরের ক্যাপচাটি টাইপ করতে	LpjT6k	🖨️
---------------------------	---------------------------	--------	----

➔ লগ-ইন

পাসওয়ার্ড ভুলে গেছেন?


চিত্র- ৫ তথ্য পূরণকৃত লগ-ইন স্ক্রিন

### লগ-ইন প্রক্রিয়ার ফ্লোচার্ট



চিত্র- ৬ লগ-ইন প্রক্রিয়ার ফ্লোচার্ট

ব্যবহারকারী তার সঠিক আইডি, পাসওয়ার্ড এবং ক্যাপচা পূরণ করার পর লগ-ইন বাটনে ক্লিক করে সিস্টেমে প্রবেশ করতে পারবেন এবং নিচের ড্যাশবোর্ড সম্বলিত স্ক্রিনটি দেখতে পারবেন (চিত্র-৭)।



চিত্র- ৭ ড্যাশবোর্ড স্ক্রিন

জেনে রাখা ভাল - ব্যবহারকারীর আইডি, পাসওয়ার্ড, ক্যাপচার অক্ষর সমূহ সঠিক না হলে স্ক্রিনে একটি সতর্ক বার্তা প্রদর্শিত হবে (চিত্র- ৮, ৯, ১০)। বার্তা অনুযায়ী ব্যবহারকারীর তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে।

- ❖ ব্যবহারকারীর আইডি ভুল হলে (চিত্র- ৮) এই বার্তাটি দেখা যাবে (এই আইডি দিয়ে কোন ব্যবহারকারী পাওয়া যায় নাই!)।
- ❖ ব্যবহারকারীর পাসওয়ার্ড ভুল হলে (চিত্র- ৯) এই বার্তাটি দেখা যাবে (পাসওয়ার্ড মিলে নাই!)।
- ❖ ক্যাপচা ভুল হলে (চিত্র- ১০) এই বার্তাটি দেখা যাবে (ক্যাপচা মিলে নাই!)।

এই আইডি দিয়ে কোন ব্যবহারকারী পাওয়া যায় নাই!

চিত্র-৮ সতর্ক বার্তা

পাসওয়ার্ড মিলে নাই!

চিত্র-৯ সতর্ক বার্তা

ক্যাপচা মিলে নাই!

চিত্র-১০ সতর্ক বার্তা

## ১.৪ পাসওয়ার্ড ভুলে গেলে যা করণীয়

ব্যবহারকারীর পাসওয়ার্ড ভুলে গেলে প্রথমে পাসওয়ার্ড ভুলে গেছেন? লিংকে ক্লিক করতে হবে। (চিত্র-১১ লগ-ইন স্ক্রিন)

চিত্র- ১১ লগ-ইন স্ক্রিন

এই লিংকে ক্লিক করার পর নিচের পাতাটি দেখা যাবে (চিত্র-১২)-


### নতুন পাসওয়ার্ড তৈরি করুন

ইউজার তথ্যের মধ্যে ব্যবহৃত আপনার ই-মেইল অ্যাড্রেসটি এখানে লিখুন। পাসওয়ার্ড তৈরি করার জন্য প্রয়োজনীয় তথ্যসহ একটি ই-মেইল পৌঁছে যাবে আপনার কাছে।

চিত্র-১২ নতুন পাসওয়ার্ড তৈরি করুন স্ক্রিন


- ই-মেইল - ইউজার তথ্যের মধ্যে ব্যবহৃত আপনার ই-মেইল অ্যাড্রেস এখানে লিখে জমা দিন বাটনে ক্লিক করতে হবে। এরপর পাসওয়ার্ড তৈরি করার জন্য প্রয়োজনীয় তথ্যসহ একটি ই-মেইল বার্তা আপনার ব্যবহৃত ই-মেইল অ্যাড্রেসে পৌঁছে যাবে। আপনার ব্যবহৃত ই-মেইল এ লগ-ইন করে পূর্বে পাঠানো ই-মেইল বার্তায় দেওয়া লিংকে ক্লিক করতে হবে এবং সেখান থেকে পুনরায় নতুন পাসওয়ার্ড তৈরি করতে হবে। তারপর আপনার তৈরি করা নতুন পাসওয়ার্ড দিয়ে আপনি সিস্টেমে লগ-ইন করতে পারবেন।

## পাসওয়ার্ড ভুলে গেলে যা করণীয় প্রক্রিয়ার ফ্লোচার্ট



চিত্র- ১৩ পাসওয়ার্ড ভুলে গেলে যা করণীয় প্রক্রিয়ার ফ্লোচার্ট


## ১.৫ লগ আউট প্রক্রিয়া



চিত্র-১৪ লগ-আউট

ব্যবহারকারীকে লগ-আউট সম্পন্ন করার জন্য লগ-আউট বাটনে (চিত্র-১৪) ক্লিক করতে হবে। লগ-আউট বাটনে ক্লিক করার পর ব্যবহারকারী সিস্টেম থেকে বের হয়ে যাবেন।


## লগ আউট প্রক্রিয়ার ফ্লোচার্ট



চিত্র- ১৫ লগ আউট প্রক্রিয়ার ফ্লোচার্ট


## ১.৬ পাসওয়ার্ড পরিবর্তন প্রক্রিয়া

ব্যবহারকারী তার পাসওয়ার্ড পরিবর্তন করতে চাইলে প্রোফাইল পিকচার (চিত্র-১৬) ডান দিকের নিম্নমুখী তীর (Down Arrow) চিহ্নে ক্লিক করতে হবে।



চিত্র- ১৬ প্রোফাইল পিকচার

প্রোফাইল পিকচার এর ডান দিকের তীর চিহ্নে ক্লিক করার পর ব্যবহারকারী নিচের (চিত্র- ১৭) স্ক্রিনটি দেখতে পাবেন -



চিত্র- ১৭ পাসওয়ার্ড পরিবর্তন

ব্যবহারকারীকে পাসওয়ার্ড পরিবর্তন সম্পন্ন করার জন্য পাসওয়ার্ড পরিবর্তন বাটনে ক্লিক করতে হবে। পাসওয়ার্ড পরিবর্তন বাটনে ক্লিক করার পর নিচের (চিত্র-১৮) স্ক্রিনটি দেখতে পাবেন-

পাসওয়ার্ড পরিবর্তন ব্যবস্থাপনা

পাসওয়ার্ড পরিবর্তন করুন

**বর্তমান পাসওয়ার্ড \***

**নতুন পাসওয়ার্ড \***

**পুনরায় পাসওয়ার্ড দিন \***

**পাসওয়ার্ড নীতি**

- পাসওয়ার্ড কমেপক্ষে 6 অক্ষরের হবে।
- পাসওয়ার্ডে বড় হাতের অক্ষর, ছোট হাতের অক্ষর এবং সংখ্যা ব্যবহার করতে হবে।

চিত্র- ১৮ পাসওয়ার্ড পরিবর্তন স্ক্রিন

- ব্যবহারকারীকে তার বর্তমান পাসওয়ার্ড বর্তমান পাসওয়ার্ড ঘরে পূরণ করতে হবে।
- ব্যবহারকারীকে তার নতুন পাসওয়ার্ড নতুন পাসওয়ার্ড ঘরে পূরণ করতে হবে।
- ব্যবহারকারীকে তার নতুন পাসওয়ার্ড পুনরায় পাসওয়ার্ড দিন ঘরে পূরণ করতে হবে।  
উল্লেখ্য, ব্যবহারকারীকে তার নতুন পাসওয়ার্ড অবশ্যই পাসওয়ার্ড নীতি অনুযায়ী পূরণ করতে হবে।
- ব্যবহারকারীকে পাসওয়ার্ড পরিবর্তন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পাসওয়ার্ড পরিবর্তন বাটনে ক্লিক করতে হবে (চিত্র-১৯)।

পাসওয়ার্ড পরিবর্তন করুন


<b>বর্তমান পাসওয়ার্ড</b>	বর্তমান পাসওয়ার্ড
<b>নতুন পাসওয়ার্ড</b>	নতুন পাসওয়ার্ড
<b>পুনরায় পাসওয়ার্ড দিন</b>	পুনরায় পাসওয়ার্ড দিন

**পাসওয়ার্ড নীতি**

- পাসওয়ার্ড কমপক্ষে 6 অক্ষরের হবে।
- পাসওয়ার্ডে বড় হাতের অক্ষর, ছোট হাতের অক্ষর এবং সংখ্যা ব্যবহার করতে হবে।

চিত্র-১৯ পাসওয়ার্ড পরিবর্তন ক্ষিণের পূরণকৃত তথ্য সহ নমুনা।

### পাসওয়ার্ড পরিবর্তন প্রক্রিয়ার ফ্লোচার্ট



চিত্র- ২০ পাসওয়ার্ড পরিবর্তন প্রক্রিয়ার ফ্লোচার্ট

এখন আমরা সফটওয়্যারটির মেনু/সাবমেনুগুলোর ব্যবহার দেখব। লগইন করার পর ড্যাশবোর্ডের বাম দিকে নিচের চিত্রের মত (চিত্র-২১) (নীল রঙের মধ্যস্থিত অংশটুকু) মেনুবার দেখা যাবে -

The screenshot shows the MCBP MIS dashboard. The top navigation bar includes the logo, language (English), and user information (uwao.kaliakoir). The sidebar menu on the left contains the following items: ড্যাশবোর্ড, আবেদন, হুড্রাস্ত নির্বাচন, ভাতাভোগী, পে-রোল, অভিযোগ, and রিপোর্ট. The main dashboard area is titled 'ড্যাশবোর্ড' and contains several data cards and a chart. The cards show: ভাতাভোগী তথ্য (মোট সক্রিয় ভাতাভোগী: ৩২), পেমেন্ট তথ্য (মোট পরিশোধ: ₹ ৬,০০০), আবেদনকারী তথ্য (মোট আবেদন: ৪৩, মঠ পর্যায়ে যাচাই: ৫, মঠ পর্যায়ে অননুমোদিত: ০), and বর্তমান অর্ধবছরে আবেদনকারীর সংখ্যা (সংখ্যা: ৪৩). The chart shows the number of applicants by month, with a peak in June (৪৩).

© ২০১৮-২০১৯ উন্নত মাতৃকাল এবং ল্যাকটেটিং মাদার ভাতা প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সহায়তায় WFP।

চিত্র- ২১ ড্যাশবোর্ড স্ক্রিন



আইকন - এই আইকনে ক্লিক করলে বাম দিকের মেনুটি আর দেখা যাবে না এবং স্ক্রিনের আয়তন বৃদ্ধি পাবে। পুনরায় এই আইকনে ক্লিক করলে মেনুটি আবার দেখা যাবে।

## অধ্যায়- ৩: চূড়ান্ত নির্বাচন

ইউনিয়ন MCBP কমিটি কর্তৃক সুপারিশকৃত তালিকাটি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এই সিস্টেমে দেখতে পারবেন এবং প্রয়োজন মনে হলে যাচাই-বাছাই করতে পারবেন। এরপর তালিকাটি চূড়ান্তভাবে ভাতাভোগী হিসাবে অনুমোদন দিবেন।

ইন্টারনেট ব্রাউজারের (Google Chrome, Internet Explorer অথবা Mozilla Firefox) Address বারে ক্লিক করে MCBP MIS সাইট এর ঠিকানা <http://103.48.16.6:8080/imlma/login> লিখে Enter প্রেস করলেই আপনি নিচের পাতাটি (চিত্র- ৩৬) দেখতে পাবেন।




চিত্র- ৩৬ লগ-ইন স্ক্রীন

ব্যবহারকারী তার সঠিক আইডি, পাসওয়ার্ড এবং ক্যাপচা পূরণ করার পর লগ-ইন বাটনে ক্লিক করে সিস্টেমে প্রবেশ করতে পারবেন এবং নিচের ড্যাশবোর্ড সম্বলিত স্ক্রিনটি দেখতে পারবেন (চিত্র- ৩৭)।



চিত্র- ৩৭ ড্যাশবোর্ড স্ক্রীন

ব্যবহারকারীকে চূড়ান্ত অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সিস্টেমের বামদিকের মেনুবারে **চূড়ান্ত নির্বাচন** তালিকায় ক্লিক করতে হবে। এই তালিকায় ক্লিক করার পর **চূড়ান্ত অনুমোদন** সাবমেনু দেখা যাবে। এই সাবমেনুতে ক্লিক করার পর নিচের তালিকা দেখা যাবে (চিত্র- ৩৮) -



চিত্র-৩৮ চূড়ান্ত নির্বাচন মেনু

চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে সাধারণতঃ নির্দিষ্ট যাচাই-বাছাই প্রক্রিয়া অনুসরণ করা হয়। যাচাই-বাছাই প্রক্রিয়ার নিম্নোক্ত ধাপগুলি এ সফটওয়্যারের মাধ্যমে করা যাবে-

- UWAO কর্তৃক অনুমোদন\_ইউনিয়ন
- UWAO কর্তৃক অনুমোদন\_পৌরসভা

চূড়ান্ত অনুমোদনের জন্য দুইজনের অনুমোদনের প্রয়োজন হয়- UWAO কর্তৃক অনুমোদন\_ইউনিয়ন, UWAO কর্তৃক অনুমোদন\_পৌরসভা। এ সফটওয়্যারে দুইজনের সুপারিশ নেওয়ার মাধ্যমে ভাতাভোগীকে চূড়ান্তভাবে অনুমোদনের ব্যবস্থা আছে।

এই মেনু ব্যবহার করে এই কার্যক্রমের আওতায় পরিচালিত UWAO কর্তৃক অনুমোদন\_ইউনিয়ন, UWAO কর্তৃক অনুমোদন\_পৌরসভা সংক্রান্ত তথ্য সিস্টেমে সংরক্ষণ করা যাবে।

### ৩.১ UWAO কর্তৃক অনুমোদন ইউনিয়ন

এই অংশটি ব্যবহার করার জন্য **UWAO কর্তৃক অনুমোদন\_ইউনিয়ন** এই লিংকে ক্লিক করার পর নিচের পাতাটি (চিত্র-৩৯) দেখা যাবে।

চিত্র-৩৯ উপজেলা কর্তৃক অনুমোদন স্ক্রিন

**স্ট্যাটাস** – ড্রপডাউন তালিকায় দুই ধরনের অপশন আছে, যাচাই পেন্ডিং ও যাচাই কমপ্লিট। নিম্নমুখী তীর ক্লিক করার পর নিচের তালিকা (চিত্র-৪০) দেখা যাবে।

চিত্র-৪০ স্ট্যাটাস ড্রপডাউন ঘর

আবেদনকারীদের অনুমোদন করার জন্য ‘যাচাই পেন্ডিং’ স্ট্যাটাস বেছে নিয়ে, ইউনিয়ন বেছে নিয়ে খুঁজুন বাটনে ক্লিক করতে হবে। (চিত্র-৪১)

উপজেলা কর্মকর্তা কর্তৃক অনুমোদন

স্ট্যাটাস যাচাই পেন্ডিং

জাতীয় পরিচয় পত্র জাতীয় পরিচয় পত্র

বিভাগ ঢাকা

জেলা পাতারপুর

উপজেলা কসিয়াকের

ইউনিয়ন --বেছে দিন--

🔍 খুঁজুন

আবেদনকারী তালিকা

	নাম	জাতীয় পরিচয় পত্র	মোবাইল নং	জন্ম তারিখ	বর্তমান ঠিকানা	সুপারিশ	যাচাইকরণ
--	-----	--------------------	-----------	------------	----------------	---------	----------

চিত্র-৪১ উপজেলা কর্তৃক যাচাই পেন্ডিং স্ক্রিন

❖ ব্যবহারকারী ডপডাউন তালিকা থেকে আবেদনকারীর ইউনিয়ন নির্বাচন করে খুঁজুন বাটনে ক্লিক করার পর উপজেলা কর্মকর্তা কর্তৃক চূড়ান্ত অনুমোদনের জন্য তথ্য নিচের তালিকায় (চিত্র-৪২) দেখা যাবে –

আবেদনকারী তালিকা

৫ টা এন্ট্রির মধ্যে ১ থেকে ৫ পর্যন্ত দেখানো হচ্ছে

	নাম	জাতীয় পরিচয় পত্র নং	মোবাইল নং	জন্ম তারিখ	বর্তমান ঠিকানা	সুপারিশ	নির্দেশিত সুপারিশকৃত স্ট্যাটাস
<input type="checkbox"/>	পপি চাকমা	৪৬৫৩৯৭৭২৮২		০৮/০৮/১৯৯৯	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত
<input type="checkbox"/>	আসোমতি চাকমা	১৯৮৯৮৪১২৯২৩৪৩৫৭৬৬		১২/০৮/১৯৯৯	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত
<input type="checkbox"/>	আজনা তরাসী	১৯৮৮৮৪১৮৭৪০১৯৬৫৭১		০১/১০/১৯৯৮	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত
<input type="checkbox"/>	শিখা চাকমা	২৮৬৪ ৭৫২৬৯৪		২৬/১১/১৯৯৪	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত
<input type="checkbox"/>	পুতুলী চাকমা	৭৫২৬১৮৯৬৬০		০৮/০১/১৯৯৬	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত

১০ টা এন্ট্রি দেখুন

▶
পূর্ববর্তী
১
পরবর্তী
▶▶

প্রিন্ট করুন

চিত্র-৪২ উপজেলা কর্তৃক যাচাই পেন্ডিং তালিকা স্ক্রিন

উক্ত তালিকায় আবেদনকারীগণ কে অনুমোদন করতে হলে অথবা বাতিল করতে হলে, নিম্নে দেখানো চিত্রটির (চিত্র-৪৩) মত আবেদনকারী কে তালিকা থেকে বাছাই করে তার ক্ষেত্রে প্রযোজ্য সংশ্লিষ্ট অপশনটি বেছে নিতে হবে।



চিত্র-৪৩ উপজেলা কর্তৃক কর্তৃক যাচাই পেন্ডিং স্ক্রিন

- ❖ **অনুমোদন করুন** - এই আবেদনকারীগণকে অনুমোদন করার জন্য **অনুমোদন করুন** বাটনে ক্লিক করতে হবে (চিত্র-৪৪)। এই বাটনে ক্লিক করলে আবেদনকারীগণ উপজেলা কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হবেন। এক্ষেত্রে অনুমোদন করার বিষয়ে মন্তব্যটি লেখা আবশ্যিক।



চিত্র-৪৪ অনুমোদন করুন বাটন

- ❖ **বাতিল করুন** - এই আবেদনকারীগণকে বাতিল করার জন্য **বাতিল করুন** বাটনে ক্লিক করতে হবে (চিত্র-৪৫)। এই বাটনে ক্লিক করলে আবেদনকারীগণ উপজেলা কর্মকর্তা কর্তৃক বাতিল হবেন। এক্ষেত্রে বাতিল করার বিষয়ে মন্তব্যটি লেখা আবশ্যিক।



চিত্র-৪৫ বাতিল করুন বাটন

- ❖ **বিস্তারিত দেখা/ ভিউ বাটন**- এই বাটন এ ক্লিক করে ব্যবহারকারী প্রয়োজনে আবেদনকারীর তথ্য দেখতে পারবেন।

## উপজেলা কর্মকর্তা কর্তৃক যাচাই পেন্ডিং ফ্লোচার্ট –



চিত্র-৪৪ উপজেলা কর্মকর্তা কর্তৃক যাচাই পেন্ডিং ফ্লোচার্ট

- ❖ যে সকল আবেদনকারীর যাচাই কমপ্লিট হয়েছে তাদের তালিকা দেখার জন্য যাচাই কমপ্লিট স্ট্যাটাস নির্বাচন করে খুঁজুন বাটনে ক্লিক করতে হবে। উক্ত বাটনে ক্লিক করলে নিচের পাতাটি (চিত্র-৪৫) দেখা যাবে-

চিত্র-৪৫ উপজেলা কর্মকর্তা কর্তৃক সিলেক্ট

উক্ত বাটনে ক্লিক করলে নিচের পাতাটি দেখা যাবে (চিত্র-৪৬)-

নাম	জাতীয় পরিচয় পত্র	মোবাইল নং	জন্ম তারিখ	বর্তমান ঠিকানা	শেখর	দুপরিশ্রুত	অনুমোদিত
খানিজা বেগম	১৯৮৬০২৪৫৬৯	০১৫৪৫৬৭৮৯০১২	০১/০১/১৯৮৬	কলিয়ারকৈল ১০	৮	দুপরিশ্রুত	অনুমোদিত
শাহিনা আক্তার	১৯৮৭৪৫৬৭৮৯	০১৫৬৭৮৯০১২৩	০১/০১/১৯৮৭	কলিয়ারকৈল ১০	৭	দুপরিশ্রুত	অনুমোদিত
শীমতি বিশ্বাস	১৯৮৯৪৫৬৭৮৯০১২৩৪৫	০১৫১২৩৪৫৬৭৮	২০/০৫/১৯৮৯	চিটীকান্দি	৭	দুপরিশ্রুত	অনুমোদিত
ক	১৯৮৭৪৫৬৭৮৯		০১/১১/১৯৮৭	প	৭	দুপরিশ্রুত	বাতিল
জোকেয়া বেগম	১৯৮৬০২৪৫৬৭৮	০১৫৬৭৮৯০১২৩	০১/০১/১৯৮৬	কলিয়ারকৈল ১০	৯	দুপরিশ্রুত	অনুমোদিত
মোঃ সবুজ শিকদার	১৯৮৭১২৩৪৫৬৭৮৯০১২		১৭/০৫/১৯৮৭	সৈয়দী	৯	দুপরিশ্রুত	বাতিল
উম্মে কুলসুম	১৯৮৭৪৫৬৭৮৯		০১/০১/১৯৮৭	কলিয়ারকৈল	৯	দুপরিশ্রুত	বাতিল
উম্মে কুলসুম	১৯৮৭৪৫৬৭৮৯		০১/০১/১৯৮৭	কলিয়ারকৈল	৯	দুপরিশ্রুত	বাতিল
উম্মে কুলসুম	১৯৮০৭৭৮৯০১২৩৪৫৬৭৮		০১/০১/১৯৮০	কলিয়ারকৈল	৯	দুপরিশ্রুত	বাতিল
উম্মে কুলসুম	১৯৮৭৪৫৬৭৮৯		০১/০১/১৯৮৭	কলিয়ারকৈল	৯	দুপরিশ্রুত	বাতিল

চিত্র-৪৬ উপজেলা কর্তৃক যাচাই কমপ্লিট স্ক্রিন

- ❖ **ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত করুন বাটন-** এই বাটনে ক্লিক করলে সুপারিশকৃত এবং অনুমোদিত আবেদনকারীগণ ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত হবেন।
- ❖ **প্রিন্ট করুন বাটন –** এই বাটনে ক্লিক করলে আবেদনকারীদের তালিকা একটি পিডিএফ আকারে সংরক্ষিত হবে।

সকল আবেদনকারীর যাচাই কমপ্লিট হলে ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত বাটনে ক্লিক করতে হবে।

**উপজেলা কর্মকর্তা কর্তৃক ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত ফ্লোচার্ট –**



চিত্র-৪৭ উপজেলা কর্মকর্তা কর্তৃক ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত ফ্লোচার্ট

## ৩.২ UWAO কর্তৃক অনুমোদন পৌরসভা

এই অংশটি ব্যবহার করার জন্য UWAO কর্তৃক অনুমোদন\_ পৌরসভা এই লিংকে ক্লিক করার পর নিচের পাতাটি (চিত্র-৪৮) দেখা যাবে।

### উপজেলা কর্মকর্তা কর্তৃক অনুমোদন

চিত্র-৪৮ উপজেলা কর্তৃক অনুমোদন স্ক্রিন

**স্ট্যাটাস** – ড্রপডাউন তালিকায় দুই ধরনের অপশন আছে, যাচাই পেন্ডিং ও যাচাই কমপ্লিট। নিম্নমুখী তীর ক্লিক করার পর নিচের তালিকা (চিত্র-৪৯) দেখা যাবে।

চিত্র-৪৯ স্ট্যাটাস ড্রপডাউন ঘর

আবেদনকারীদের অনুমোদন করার জন্য 'যাচাই পেন্ডিং' স্ট্যাটাস বেছে নিয়ে, পৌরসভা বেছে নিয়ে খুঁজুন বাটনে ক্লিক করতে হবে।

### উপজেলা কর্মকর্তা কর্তৃক অনুমোদন

চিত্র-৫০ উপজেলা কর্তৃক যাচাই পেন্ডিং স্ক্রিন

- ❖ ব্যবহারকারী ড্রপডাউন তালিকা থেকে আবেদনকারীর পৌরসভা নির্বাচন করে **খুঁজুন** বাটনে ক্লিক করার পর উপজেলা কর্মকর্তা কর্তৃক চূড়ান্ত অনুমোদনের জন্য তথ্য নিচের তালিকায় (চিত্র-৫১) দেখা যাবে –

আবেদনকারী তালিকা

৫ টা এন্ট্রির মধ্যে ১ থেকে ৫ পর্যন্ত দেখানো হচ্ছে

<input type="checkbox"/>	নাম	জাতীয় পরিচয় পত্র নং	মোবাইল নং	জন্ম তারিখ	বর্তমান ঠিকানা	সুপারিশ	নিশ্চয় সুপারিশকৃত স্ট্যাটাস
<input type="checkbox"/>	পপি চাকমা	৪৬৫৫৯৭৭২৮২		০৮/০৮/১৯৯৯	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত
<input type="checkbox"/>	আলোমতি চাকমা	১৯৮৯৮৪১২৯২৫৪৩৫৭৬৬		১২/০৮/১৯৮৯	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত
<input type="checkbox"/>	অজানা তালিকা	১৯৮৮৮৪১৮৭৪০১৯৬৫৭১		০১/১০/১৯৮৮	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত
<input type="checkbox"/>	শিবা চাকমা	২৮৬৪৭৫২৬৯৪		২৬/১১/১৯৯৪	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত
<input type="checkbox"/>	সুহৃদী চাকমা	৭৫২৬১৮৯৬৬০		০৮/০১/১৯৯৬	নতুন গ্রাম	সুপারিশকৃত	সুপারিশকৃত

১০ টা এন্ট্রি দেখুন

প্রথম পূর্ববর্তী ১ পরবর্তী শেষ

প্রিন্ট করুন

চিত্র-৫১ উপজেলা কর্তৃক যাচাই পেভিং তালিকা স্ক্রিন

উক্ত তালিকায় আবেদনকারীগণ কে অনুমোদন করতে হলে অথবা বাতিল করতে হলে, নিম্নে দেখানো চিত্রটির মত আবেদনকারী কে তালিকা থেকে বাছাই করে তার ক্ষেত্রে প্রযোজ্য সংশ্লিষ্ট অপশনটি বেছে নিতে হবে।

আবেদনকারী তালিকা

১ টা এন্ট্রির মধ্যে ১ থেকে ১ পর্যন্ত দেখানো হচ্ছে

<input type="checkbox"/>	নাম	জাতীয় পরিচয় পত্র	মোবাইল নং	জন্ম তারিখ	বর্তমান ঠিকানা	সুপারিশ
<input checked="" type="checkbox"/>	সাহিনা হাছুন	১৯৯০২৫৪৫৬৫		০১/১১/১৯৯০	বৈহাটি	সুপারিশকৃত

১০ টা এন্ট্রি দেখুন

প্রথম পূর্ববর্তী ১ পরবর্তী শেষ

অপেক্ষা

নির্ধারিত মেনু/কিউ বাটন

প্রিন্ট করুন

অনুমোদন করুন বাতিল করুন

২০১৭-২০১৮ সেশ্যন প্রোটেকশন বাসেট ম্যানেজমেন্ট ইউনিট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। সর্বস্বত্ব সংরক্ষিত।

চিত্র-৫২ উপজেলা কর্তৃক যাচাই পেভিং স্ক্রিন

- ❖ **অনুমোদন করুন** - এই আবেদনকারীগণকে অনুমোদন করার জন্য **অনুমোদন করুন** বাটনে ক্লিক করতে হবে (চিত্র-৫৩)। এই বাটনে ক্লিক করলে আবেদনকারীগণ উপজেলা কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হবেন। এক্ষেত্রে অনুমোদন করার বিষয়ে মন্তব্যটি লেখা আবশ্যিক।



চিত্র-৫৩ অনুমোদন করুন বাটন

- ❖ **বাতিল করুন** - এই আবেদনকারীগণকে বাতিল করার জন্য **বাতিল করুন** বাটনে ক্লিক করতে হবে (চিত্র-৫৪)। এই বাটনে ক্লিক করলে আবেদনকারীগণ উপজেলা কর্মকর্তা কর্তৃক বাতিল হবেন। এক্ষেত্রে বাতিল করার বিষয়ে মন্তব্যটি লেখা আবশ্যিক।



চিত্র-৫৪ বাতিল করুন বাটন

- ❖ **বিস্তারিত দেখা/ ভিউ বাটন**- এই বাটন এ ক্লিক করে ব্যবহারকারী প্রয়োজনে আবেদনকারীর তথ্য দেখতে পারবেন।

### উপজেলা কর্মকর্তা কর্তৃক যাচাই পেন্ডিং ফ্লোচার্ট –



চিত্র-৫৫ উপজেলা কর্মকর্তা কর্তৃক যাচাই পেন্ডিং ফ্লোচার্ট

- ❖ যে সকল আবেদনকারীর যাচাই কমপ্লিট হয়েছে তাদের তালিকা দেখার জন্য যাচাই কমপ্লিট স্ট্যাটাস নির্বাচন করে খুঁজুন বাটনে ক্লিক করতে হবে। উক্ত বাটনে ক্লিক করলে নিচের পাতাটি (চিত্র-৫৬) দেখা যাবে-

উপজেলা কর্মকর্তা কর্তৃক অনুমোদন

চিত্র-৫৬ উপজেলা কর্তৃক যাচাই কমপ্লিট স্ক্রিন

উক্ত বাটনে ক্লিক করলে নিচের পাতাটি দেখা যাবে (চিত্র-৫৭)-


নাম	আবাসিক পরিচয় পত্র	মোবাইল নং	জন্ম তারিখ	বর্তমান ঠিকানা	শ্রেণি	সুপারিশ	যাচাইকরণ	
খানিজা বেগম	১৯৮৬০২২৪৫৬৭	০১৫৪৫৬৭৮৯০১২	০১/০১/১৯৮৬	কালিয়াকৈর ১০	৬	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
শাহিনা আক্তার	১৯৮৭৪৫২৩৪৫৬	০১৫৬৭৮৯০১২৩	০১/০১/১৯৮৭	কালিয়াকৈর ১০	৭	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
শীমাই সিদ্দিক	১৯৮৯৪৫৬৭৮৯০১২৩৪৫	০১৫৬৭৮৯০১২৩৪	০১/০১/১৯৮৯	কালিয়াকৈর	৭	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
ক	১৯৮৭৪৫২৩৪৫৬		০১/০১/১৯৮৭	প	৭	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
সোহাগা বেগম	১৯৮৬০২২৪৫৬৭	০১৫৪৫৬৭৮৯০১২	০১/০১/১৯৮৬	কালিয়াকৈর ১০	৬	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
মোঃ সজ্জা শিকদার	১৯৮৭৪৫২৩৪৫৬৭৮		০১/০১/১৯৮৭	সহায়ী	৬	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
উম্মে কুলসুম	১৯৮৭৪৫২৩৪৫৬		০১/০১/১৯৮৭	কালিয়াকৈর	৬	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
উম্মে কুলসুম	১৯৮৭৪৫২৩৪৫৬		০১/০১/১৯৮৭	কালিয়াকৈর	৬	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
উম্মে কুলসুম	১৯৮৭৪৫২৩৪৫৬৭৮		০১/০১/১৯৮৭	কালিয়াকৈর	৬	সুপারিশকৃত	অনুমোদিত	🔍
উম্মে কুলসুম	১৯৮৭৪৫২৩৪৫৬		০১/০১/১৯৮৭	কালিয়াকৈর	৬	সুপারিশকৃত	অনুমোদিত	🔍

চিত্র-৫৭ উপজেলা কর্তৃক যাচাই কমপ্লিট স্ক্রিন

- ❖ **ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত করুন বাটন-** এই বাটনে ক্লিক করলে সুপারিশকৃত এবং অনুমোদিত আবেদনকারীগণ ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত হবেন।
- ❖ **প্রিন্ট করুন বাটন –** এই বাটনে ক্লিক করলে আবেদনকারীদের তালিকা একটি পিডিএফ আকারে সংরক্ষিত হবে।

সকল আবেদনকারীর যাচাই কমপ্লিট হলে ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত বাটনে ক্লিক করতে হবে।

### উপজেলা কর্মকর্তা কর্তৃক ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত ফ্লোচার্ট –



চিত্র-৫৮ উপজেলা কর্মকর্তা কর্তৃক ভাতাভোগী হিসেবে অন্তর্ভুক্ত ফ্লোচার্ট

## গুরুত্বপূর্ণ তথ্যবলী

- এই প্রশিক্ষণ নির্দেশিকাটি শুধুমাত্র তথ্য আপা পর্যায়ে ব্যবহারের জন্য।
- সিস্টেমের ব্যবহারযোগ্যতা বৃদ্ধি করার জন্য নির্দেশিকাটি প্রয়োজনমত হালনাগাদ হতে পারে।

## ধন্যবাদ